



KRISHI GOBESHONA FOUNDATION

A non-profit foundation for sustainable support to agricultural research & development
Established 2007 (Company Act.Reg.No.C-684(05)07)



স্মারক নং- কেজিএফ/নিয়োগ-১/২০২২/২৬৫

তারিখঃ ০৩/০৪/২০২৩ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি গবেষণা ফাউন্ডেশন এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে আবেদন আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	০৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	জুনিয়র স্পেশালিস্ট (গ্রাফিক ডিজাইন ও অডিও ভিজুয়াল)	১	অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বৎসর	যোগ্যতা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডেভেলপমেন্ট কমিউনিকেশন/জার্নালিজম/ মাস কমিউনিকেশন (Mass Communication)/ ফাইন আর্টস এ মাস্টার্স ডিগ্রি; কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে। অভিজ্ঞতা (ক) সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে যাহার মধ্যে কৃষির সহিত সম্পর্কিত ডকুমেন্টেশন, পাবলিকেশন ও যোগাযোগ ক্ষেত্রে অন্তত ৩ (তিন) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে (খ) আধুনিক/ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যথা মাইক্রোফিল্ম, স্ক্যানিং, সিডিরম, ওয়েব ইত্যাদি ডকুমেন্টেশন ও ব্যবহারের অভিজ্ঞতা প্রয়োজন। (গ) ইংরেজিতে ভাল দখল সহ জার্নাল, বুকলেট, লিফলেট, মেমোয়ারস (Memoirs), পোস্টার, প্যাম্ফলেট ইত্যাদি লেখা, সম্পাদনা ও মুদ্রণে দক্ষ হইতে হইবে (ঘ) কম্পিউটারে উচ্চ মাত্রায় প্রশিক্ষিত (high level of computer literacy) হইতে হইবে। (ঙ) আধুনিক পদ্ধতিতে রেকর্ড সংরক্ষণে অভিজ্ঞ হইতে হইবে (চ) কভার ডিজাইন ও গ্রাফিক্স-এর কাজ এককভাবে সম্পন্ন করার সক্ষমতা থাকা প্রয়োজন।
২।	গাড়িচালক	২	অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	যোগ্যতা (ক) কমপক্ষে এসএসসি পাশ। (খ) হালকা যানবাহন চালানোর বৈধ লাইসেন্স অবশ্যই থাকিতে হইবে। (গ) ভুল গাড়ি চালানোর জন্য কোনো সময় দোষী সাব্যস্ত না হওয়া। অভিজ্ঞতা ক) কোনো অফিসে অবশ্যই ২ (দুই) বৎসরের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকিতে হইবে। (খ) পূর্ববর্তী নিয়োগকর্তা কর্তৃক নিরাপদ গাড়ি চালানোর সনদ আবশ্যিক।

নিয়োগের শর্তাবলীঃ

(১) আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে (২) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রহিয়াছে আবেদনে ছবছ সেইভাবে লিখিতে হইবে (৩) বয়স সীমাঃ (ক) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উল্লেখিত বয়স সীমার উর্ধ্ব নহে। (খ) কেজিএফ এর বিভাগীয় প্রার্থী হিসাবে প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা শিথিলযোগ্য। (৪) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে (৫) প্রার্থীকে অবশ্যই আগামী ২৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে চেয়ারম্যান, নিয়োগ কমিটি, কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ), এআইসি বিল্ডিং, ৪র্থ তলা, বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে দরখাস্ত করিতে হইবে (৬) আবেদন পত্রের সাথে অবশ্যই সদ্য তোলা পিপি সাইজের ২ (দুই) কপি ছবি সংযুক্ত করিতে হইবে (৭) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না (৮) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে (৯) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করিতে হইবে (১০) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করিবেন (১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(ড. জীবন কৃষ্ণ বিশ্বাস)

নির্বাহী পরিচালক, কেজিএফ